

## বাংলাদেশে গমের পাতার মরিচা ও ব্লাস্ট রোগের কৃষক পরামর্শ

মেয়াদকাল: ২০ - ২৬ মার্চ ২০২৪

সতর্কবার্তা: ০৬

### মূলবার্তা

বাংলাদেশের বিভিন্ন জেলায় মাঠে গমের পাতার মরিচা ও ব্লাস্ট রোগের উপস্থিতি পাওয়া গেছে। দেশের মধ্য-পশ্চিম, উত্তর-পশ্চিম এবং দক্ষিণাঞ্চলে গমের পাতার মরিচা রোগের সংক্রমণ নিম্ন মাত্রায় পরিলক্ষিত হচ্ছে। অন্যদিকে, দেশের মধ্য-পশ্চিমাঞ্চল এবং দক্ষিণাঞ্চলে গমের ব্লাস্ট রোগের সংক্রমণ পরিলক্ষিত হচ্ছে। বিশেষ করে ফরিদপুর এবং ভোলা জেলায় ব্লাস্ট রোগের প্রাদুর্ভাব সবচেয়ে বেশি পরিলক্ষিত হচ্ছে। এই সব অঞ্চলের মাঠে রোগের তীব্রতা মাঝারি থেকে উচ্চ মাত্রায় পরিলক্ষিত হচ্ছে। তবে রোগ সংবেদনশীল জাত এবং দেরিতে বোনা ফসলের ক্ষেত্রে রোগের তীব্রতা বাড়তে পারে। এছাড়াও দেশের বিভিন্ন জেলায় কিছু কিছু মাঠে নিম্ন মাত্রার ব্লাস্ট আক্রান্ত ক্ষেতের সংখ্যা পরিলক্ষিত হয়েছে।

### পরামর্শ

বর্তমান আবহাওয়ার প্রেক্ষিতে গমের ব্লাস্ট ও পাতার মরিচা রোগের সংক্রমণ দেশের অন্যান্য এলাকায় ছড়িয়ে পড়তে পারে। মার্চ ২১ - ৬ এপ্রিল এর মধ্যে দেশের কোথাও কোথাও বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। রোগের মডেল (Risk of infection models) এর প্রাপ্ত তথ্যের ভিত্তিতে গমের পাতা ও কান্ডের মরিচা রোগের সংক্রমণের অনুকূল পরিবেশ বিরাজ করছে। দেরিতে বোনা গমের মাঠ নিয়মিত পরিদর্শন করার জন্য কৃষকদের পরামর্শ দেওয়া হলো এবং রোগ দমন ব্যবস্থাপনা বিষয়ক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

### সুপারিশ

কৃষকের মাঠে গমের ব্লাস্ট ও পাতার মরিচা রোগের সংক্রমণ পরিলক্ষিত হলে প্রতিরোধক ব্যবস্থা হিসেবে কার্যকরি ছত্রাকনাশক (নাটিভো ৭৫ ডব্লিউজি/এমিস্টার টপ ৩২৫ এসসি ইত্যাদি) অনুমোদিত মাত্রায় গাছে স্প্রে করতে হবে। এছাড়াও প্রয়োজনীয় পরামর্শের জন্য নিকটস্থ উপসহকারী কৃষি কর্মকর্তা অথবা উপজেলা কৃষি অফিস অথবা বিভাগিউএমআরআই এর অফিসে যোগাযোগ করুন।